

প্রথম আলো

মঙ্গলবার, ১২ ডিসেম্বর ২০১৭, ২৮ অগ্রহায়ণ ১৪২৪



ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে ন্যাশনাল রিক্রুটমেন্ট ফেয়ার অনুষ্ঠিত

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ইউআইইউ) এবং প্রথম আলোর অনলাইন জব পোর্টাল চাকরি ডটকমের যৌথ উদ্যোগে দুই দিনব্যাপী ন্যাশনাল রিক্রুটমেন্ট ফেয়ার গতকাল সোমবার বেলা ১১টায় ইউআইইউ ক্যাম্পাসে শুরু হয়েছে। উদ্বোধন করেন ভারপ্রাপ্ত উপাচার্য চৌধুরী মোফিজুর রহমান। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রথম আলো ডিজিটালের চিফ অপারেটিং অফিসার এহতেরাম উদ্দিন। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রথম আলো ডিজিটালের অ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার স্তিভ অ্যান্ড্রু জ্যাকব এবং ইউআইইউ ক্যারিয়ার কাউন্সেলিং সেন্টারের পরিচালক মঞ্জুরুল হক খান। মেলায় ব্র্যাক, বাংলালিংক, আইডিএলসি, আইপিডিসি, বসুন্ধরা গ্রুপ, ইউনাইটেড গ্রুপসহ ৪৪টি প্রতিষ্ঠান অংশ নিচ্ছে। এই মেলার মাধ্যমে শিক্ষার্থীরা বিভিন্ন প্রতিষ্ঠান সম্পর্কে স্বচ্ছ ধারণা নিতে পারবে এবং তারা তাদের পছন্দমতো প্রতিষ্ঠানে চাকরির জন্য জীবনবৃত্তান্ত জমা দিতে পারবে। বিজ্ঞপ্তি